

## দুর্নীতিমুক্ত সমাজ গঠনে কাজ করতে হবে — শিক্ষামন্ত্রী

### যুগান্তর রিপোর্ট

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, একটি দুর্নীতিমুক্ত, ন্যায্যভিত্তিক ও শুদ্ধাচারী সমাজ গঠনের লক্ষ্যে সবাইকে আন্তরিকতার সঙ্গে কাজ করতে হবে। উন্নতির ভাগ যাতে সব মানুষ সমানভাবে পায়, সেজন্য সবাইকে সততার সঙ্গে দায়িত্ব পালন করতে হবে। সমঅধিকার, মর্যাদা ও সুযোগ নিশ্চিত করতে শুদ্ধাচারের বিকল্প নেই।

রোববার রাজধানীর ইস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি) অডিটরিয়ামে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের অধীকারবিষয়ক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী এসব কথা বলেন। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে উপস্থিত কর্মকর্তাদের শুদ্ধাচার বাস্তবায়নে শপথ পাঠ করান শিক্ষামন্ত্রী।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত সচিব মো. আলমগীরের সভাপতিত্বে কর্মশালায় শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. নোহরাব হোসাইন, মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার) এনএম জিয়াউল আলম, কারিগরি ও মাদ্রাসা বিভাগের অতিরিক্ত সচিব এফএম এনামুল হক বক্তৃতা করেন। শুদ্ধাচার বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন কারিগরি শিক্ষা অধিদফতরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাস।

শিক্ষামন্ত্রী বলেন, শুদ্ধাচারের প্রয়োগের মাধ্যমেই আইনের শাসন প্রতিষ্ঠা সম্ভব। নতুন প্রজন্মকে সততা, নিষ্ঠা, দায়বদ্ধতা, নৈতিক মূল্যবোধ ও দেশপ্রেমে উজ্জীবিত করে আমাদের জাতীয় লক্ষ্য অর্জনের জন্য তাদের প্রস্তুত করে তুলতে হবে। এজন্য শিক্ষক সমাজের ভূমিকা সবচেয়ে গুরুত্বপূর্ণ। তিনি বলেন, শুদ্ধাচার, ন্যায়নীতি ও মূল্যবোধের গুরুত্ব শিক্ষা পরিবারে সবচেয়ে বেশি। শিক্ষকদের সবধরনের অনৈতিক কাজ থেকে দূরে থাকতে হবে। কারণ তারা দেশের ভবিষ্যৎ প্রজন্মকে গড়ে তোলার দায়িত্ব পালন করছেন। শিক্ষামন্ত্রী বলেন, কিছু অসৎ শিক্ষকের কারণে সার্বিকভাবে শিক্ষকদের ভাবমূর্তি ক্ষয় হচ্ছে। এ মহৎ পেশায় তাদের থাকার কোনো অধিকার নেই। অনৈতিক কাজ করে কেউ রেহাই পাবে না।

ব্যানবেইস	
পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
চীফ, পরিসংখ্যান বিভাগ	
চীফ, ডি.এল.পি বিভাগ	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
শি.এ.	
কার্যার্থে/জ্ঞাতার্থে	